

সিকৃবির ৬ হলের নাম পরিবর্তন



ফাইল ছবি

সিলেট ব্যুরো

প্রকাশ: ০১ জুন ২০২৫ | ২০:৩৭



সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের (সিকৃবি) ৬টি আবাসিক হলের নাম পরিবর্তন ও সংশোধন করা হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয় প্রশাসনের সিডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। রোববার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক আসাদ উদ দৌলা বিষয়টি নিশ্চিত করেন।

তিনি জানান, জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী বৈষম্যবিরোধী চেতনায় উজ্জীবিত সিকৃবির ছাত্র-ছাত্রীদের জোরালো দাবির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের হলসমূহের নাম পরিবর্তন ও সংশোধনের লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশক্রমে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

নতুন প্রশাসনিক আদেশে বিশ্ববিদ্যালয়ের ৩টি আবাসিক হলের নাম পরিবর্তন ও ৩টির নাম পুনর্বহাল করে এম. সাইফুর রহমান হল, শহীদ জিয়া হল ও দুররে সামাদ রহমান করা হয়। অপর দিকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, আব্দুস সামাদ আজাদ হল ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম পরিবর্তন করে হযরত শাহজালাল (রহ.) হল, জেনারেল এমএজি ওসমানী হল ও সুহাসিনী দাস হল নামকরণ করা হয়েছে।